

২০১৮

বাংলা

(স্নাতকোত্তর)

পাঠপর্যায় — ১

Course No — BNG-102

পূর্ণমান : ৪০

সময় : ২ ঘণ্টা

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দেওয়া প্রয়োজন।

বিভাগ-ক

যেকোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ৪×২

১। 'সূফী' কোন শব্দ থেকে এসেছে? 'সূফী'র অর্থ কী? ১+১

২। মধ্যযুগে অনুবাদ সাহিত্য সৃষ্টির দুটি কারণ উল্লেখ করো।

(Turn Over)

৩। প্রথম চৈতন্যজীবনী সাহিত্য রচয়িতার নাম লেখো। তাঁর কাব্যটির প্রকৃত নাম
কী? ১+১

৪। আরাকান রাজসভার দু'জন শ্রেষ্ঠকবির নাম লেখো।

৫। শাক্ত পদাবলীর দু'জন বিখ্যাত কবির নাম লেখো।

৬। দু'জন জনপ্রিয় কবির নাম লেখো।

৭। চৈতন্য পূর্ববর্তী বৈষ্ণব সাহিত্যের দুটি বৈশিষ্ট্য লেখো।

৮। শাক্ত সাহিত্যের উৎপত্তির দুটি কারণ লেখো।

বিভাগ-খ

যেকোনো চারটি প্রশ্নের উত্তর দাও :

৪×৪

৯। সূফীবাদের সঙ্গে মরমীয়াবাদের সম্পর্ক লেখো।

১০। 'বাংলা' নামের উৎপত্তি সম্পর্কে লেখো।

- ১১। রামায়ণ ও মহাভারতের তুলনায় ভাগবত অনুবাদ কম কেন হয়েছিল লেখো।
- ১২। 'চৈতন্যভাগবত' অনুসারে চৈতন্য আবির্ভাবের কারণগুলি সংক্ষেপে লেখো।
- ১৩। চৈতন্যসমকালীন বৈষ্ণব পদাবলীর বৈশিষ্ট্য লেখো।
- ১৪। নাথধর্মের মূলকথা সংক্ষেপে লেখো।
- ১৫। আরাকান রাজসভায় বাংলা সাহিত্য রচনার কারণগুলি লেখো।
- ১৬। মঙ্গলসাহিত্য সৃষ্টির কারণগুলি লেখো।

বিভাগ-গ

যেকোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

২×৮

- ১৭। অষ্টমধ্যযুগের বাঙালি সমাজ ও সংস্কৃতির পরিচয় দাও।
- ১৮। বাউল সম্প্রদায়ের উৎপত্তি ও সাধনার বৈশিষ্ট্যগুলি লেখো।

- ১৯। 'চৈতন্যভাগবত ও চৈতন্যচরিতামৃত পরস্পরের পরিপূরক' — আলোচনা
করো।
- ২০। বাংলা রোমান্টিক সাহিত্যধারায় সৈয়দ আলাওলের কৃতিত্ব সম্পর্কে আলোচনা
করো।
-